ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৪১ ● কলকাতা ● ১১ জ্যৈষ্ঠ, ১৪৩২ ● সোমবার ● ২৬ মে ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# দৌলতাবাদের সমবায় ভোটে তৃণমূলকে হারিয়ে জয়ী বাম-কংগ্রেস জোট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রাস্তা অবরোধ, লাঠিসোটা নিয়ে ভয় দেখিয়েও লাভের লাভ কিছু হল না। মুর্শিদাবাদের দৌলতাবাদের মহারাজপুর কৃষি উন্নয়ন সমবায় সমিতির নির্বাচনে জয়ী হয়ে বলছে বাম-কংগ্রেস জোট। বড় ধাক্কা খেল শাসক দল তৃণমূল কংগ্রেস।

রোববার ১০৫৬ জন ভোটারের এই নির্বাচনে ৪৩টি আসনের মধ্যে সিপিএম-

এরপর ৩ পৃষ্ঠায়

# বঙ্গ সফরে মোদী-শাহ, শুরু হয়ে গেল ভোটের প্রস্তুতি?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ছাব্বিশের বিধানসভা ভোটের বছর খানেক বাকি থাকতেই প্রস্তুতির তোড়জোড় শুরু করেছে সমস্ত রাজনৈতিক দল। একুশের ফলাফল থেকে শিক্ষা নিয়ে ছাব্বিশ নিয়ে একটু বেশিই চিন্তিত বঙ্গ বিজেপি। হারানো জমি ফেরাতে আগে থেকেই প্রস্তুতি নিচ্ছে গেরুয়া শিবির। আগামী ২৯ মে আলিপুরদুয়ারে জনসভা ও প্রশাসনিক বৈঠকে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এর দু'দিন পর, ৩১ মে রাতের বিমানে কলকাতায় পা রাখতে পারেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বঙ্গ বিজেপি সূত্রে জল্পনা, আগামী ১ জুন সারাদিন একাধিক বৈঠকে ব্যস্ত থাকবেন অমিত শাহ। এরপর ১ জুন রাত অথবা ২ জুন ভোরবেলা দিল্লির উদ্দেশে উড়ে যাবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

সায়েন্স সিটিতে একটি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন অমিত শাহ। সাংসদ, বিধায়কদের সঙ্গে একটি বৈঠকের পাশাপাশি কর্মকর্তাদের সঙ্গে রুদ্ধদ্বার

এরপর ৩ পাতায়






# পাকিস্তানের সঙ্গে দ্বন্দ্বে কাশ্মিরের সম্পর্ক নেই : জয়শঙ্কর



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভারত ও পাকিস্তানের মধ্যে জম্মু-কাশ্মিরকে কেন্দ্র করে প্রায় সাত দশকের দীর্ঘ সংঘাত রয়েছে। কিন্তু সাম্প্রতিক সময়ে পেহেলগামে যে সন্ত্রাসী হামলা সংঘটিত হয়েছে, সেটি এই দ্বন্দ্বের সঙ্গে সরাসরি যুক্ত নয় বলে জানিয়েছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুব্রাহ্মণিয়াম জয়শঙ্কর। তিনি বার্লিনে এক আন্তর্জাতিক ফোরামে স্পষ্ট করে বলেছেন, এই হামলার উদ্দেশ্য ছিল কাশ্মিরের পর্যটন খাত নষ্ট করা এবং ধর্মীয় ভিত্তিতে বিভাজন সৃষ্টি করে বিশৃঙ্খলা সৃষ্টি করা।

গত ২২ এপ্রিল জম্মু ও কাশ্মিরের অনন্তনাগ জেলার পেহেলগাম অঞ্চলে একদল সন্ত্রাসী ২৬ জন পর্যটককে নির্মমভাবে হত্যা করে। নিহতরা প্রধানত হিন্দু ধর্মাবলম্বী পুরুষ ছিলেন। হামলার সঙ্গে দায় স্বীকার করে 'দ্য রেজিস্ট্যান্স ফ্রন্ট' নামের একটি সন্ত্রাসী গোষ্ঠী, যা পাকিস্তান নিয়ন্ত্রিত কাশ্মিরের লস্কর-ই তৈয়বার শাখা বলে জানা যায়। এই হামলার জেরে ভারত সিন্ধু নদীর পানি বণ্টন চুক্তি স্থগিত করে এবং পাকিস্তানি নাগরিকদের ভিসা বাতিলের মতো কূটনৈতিক পদক্ষেপ গ্রহণ করে। পাকিস্তানও পাল্টা পদক্ষেপ হিসেবে ভারতের আকাশসীমা বন্ধ করে এবং ভিসা বাতিল করে।

এই উত্তেজনার মধ্যেই ভারত 'অপারেশন সিঁদুর' নামে পাকিস্তান অধিকৃত কাশ্মিরে সন্ত্রাসীদের ঘাঁটি ধ্বংসের উদ্দেশ্যে সেনা অভিযান চালায়, যেখানে ভারত দাবি করে ৭০ জন সন্ত্রাসী নিহত হয়েছে। পাকিস্তান এই অভিযানের বিরুদ্ধে পাল্টা 'অপারেশন বুনিয়ান উম মারসুস' শুরু করে, যার ফলে ভারতের ৩৬ জন নিহত এবং বহু আহত হন। ১০ মে থেকে যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় যুদ্ধবিরতি হলেও সীমান্তে উত্তেজনা কাটেনি। জয়শঙ্কর জানান, পাকিস্তান সন্ত্রাসবাদকে রাষ্ট্রীয় হাতিয়ার হিসেবে ব্যবহার করছে এবং ভারত পেহেলগামে হামলাকারীদের আইনের আওতায় আনার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

জয়শঙ্করের বক্তব্য থেকে স্পষ্ট যে, পেহেলগামের সন্ত্রাসী হামলা জম্মু-কাশ্মির দ্বন্দ্বের অংশ নয়, বরং এটি একটি পরিকল্পিত সন্ত্রাসী কার্যকলাপ যা কাশ্মিরের শান্তি ও অর্থনীতিকে নস্যাৎ করার লক্ষ্য নিয়ে করা হয়েছে। সন্ত্রাসবাদ দমন এবং শান্তি প্রতিষ্ঠার জন্য আন্তর্জাতিক সমাজের ঐক্যবদ্ধ ভূমিকা অত্যন্ত প্রয়োজনীয়। ভারত এই বিষয়গুলোকে গুরুত্ব দিয়ে কঠোর পদক্ষেপ চালিয়ে যাবে।

# যে কারণে মোদির বৈঠক বয়কট করলেন মমতা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশটির রাজধানী দিল্লিতে দেশটির নীতি আয়োগের বৈঠক ডাকা হয় শনিবার (২৪ মে)।

ওই বৈঠকে একাধিক রাজ্যের মুখ্যমন্ত্রী উপস্থিত হলেও অংশ না নেওয়ার সিদ্ধান্ত নেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

এর আগেও গত বছরের ২৭ জুলাই নীতি আয়োগের বৈঠক হয়েছিল। ওইবার বৈঠকের মাঝপথে বেরিয়ে যান মমতা ব্যানার্জী।

তখন মমতা অভিযোগ করেছিলেন, তার বক্তব্যের মাঝে মাইক বন্ধ করে দেওয়া হয়েছিল। সে কারণেই তিনি বৈঠক ছেড়ে বাইরে বেড়িয়ে এসেছিলেন।

নীতি আয়োগের এই বৈঠকে কেন্দ্র ও রাজ্যগুলোর মধ্যে সরাসরি আলোচনার সুযোগ থাকে। বিশেষ করে এই বৈঠকে প্রধানমন্ত্রীসহ দেশটির একাধিক গুরুত্বপূর্ণ মন্ত্রী উপস্থিত থাকেন। ফলে, রাজ্যের বিভিন্ন দাবিদাওয়ার কথা সরাসরি বলার সুযোগ থাকে।

এবারের বৈঠকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর যোগ না দেওয়া নিয়ে রাজ্যটির ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেসের নেতা জয়প্রকাশ মজুমদার জানিয়েছেন, যেখানে যুক্তরাষ্ট্রীয় কাঠামো মেনে নীতি আয়োগের বৈঠকে সকলের বক্তব্য নিয়ে আলোচনা হওয়া উচিত, সেখানে মাইক বন্ধ করে দিয়ে ঘৃণ্য ঘটনা ঘটেছে।

মমতা ব্যানার্জী কেন যাবেন সেখানে? আর বাংলার কথা

এরপর ৪ পাতায়






(১ম পাতার পর)

# বঙ্গ সফরে মোদী-শাহ, শুরু হয়ে গেল ভোটের প্রস্তুতি?

বৈঠকের পরিকল্পনা রয়েছে তার। মনে করা হচ্ছে, দলের সর্বস্তরের নেতা-কর্মীদের সঙ্গে নির্বাচন স্ট্র্যাটেজি আলোচনা করবেন শাহ। যদিও এখনো সব কিছুই জল্পনার স্তরে। অমিত শাহর কর্মসূচি সম্পর্কে এখনও বিস্তারিত জানানো হয়নি বঙ্গ বিজেপির তরফ থেকে। তবে জানা যাচ্ছে, আগামী ২৬ মে বাংলার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বিধানসভার পরিষদীয় দলের বৈঠক ডেকেছেন। সেই বৈঠকে মোদী-শাহের সফর নিয়ে আলোচনার সম্ভাবনা বেশি।

ভারতীয় সেনার অপারেশন সিঁদুরের সাফল্য প্রচারে আগামী ২৯ মে আলিপুরদুয়ার আসছেন প্রধানমন্ত্রী মোদী। প্যারেড গ্রাউন্ডে তিনি দুটি কর্মসূচিতে যোগ দেবেন তিনি, যার মধ্যে একটি জনসভা ও আরেকটি প্রশাসনিক বৈঠক। সেই জন্য আলাদা আলাদা মঞ্চ তৈরি করা হয়েছে। মোদীর জনসভার দায়িত্বে রয়েছেন আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্গা ও জেলা বিজেপি নেতৃত্ব। ২৯ মে মোদির এই সফরের পর ৩১ মে রাতেই কলকাতায় পা রাখতে পারেন অমিত শাহ। পাশাপাশি থাকতে পারে একগুচ্ছ কর্মসূচির সম্ভাবনা।

(১ম পাতার পর)

# দৌলতাবাদের সমবায় ভোটে তৃণমূলকে হারিয়ে জয়ী বাম-কংগ্রেস জোট

কংগ্রেস জোট জয়ী হয়েছে ৩৯টি আসনে, মাত্র ৪টি আসন পেয়েছে তৃণমূল।

এদিন সকাল থেকেই নির্বাচন ঘিরে উত্তেজনা ছড়ায় এলাকায়। ভোট কেন্দ্র থেকে ২০০ মিটার দূরে দুই পক্ষের ক্যাম্পে শুরু হয় বচসা, যা পরে সংঘর্ষের আকার নেয়। বাম-কংগ্রেসের অভিযোগ, ভোটারদের ভয় দেখিয়ে বাধা দেয় তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা। ভাঙচুর করা হয় চেয়ার-টেবিল, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বাধ্য হয়ে লাঠিচার্জ করে পুলিশ। ঘটনায় আটক করা হয় ১০ জনকে।

বাম-কংগ্রেস জোটের পক্ষ থেকে ঝামেলার জন্য সরাসরি দোষারোপ করা হয় বহরমপুর পঞ্চায়েত সমিতির সভাপতি আইজুদ্দিন মণ্ডলের বিরুদ্ধে। যদিও তিনি সমস্ত অভিযোগ অস্বীকার করেন।

ভোটের ফল প্রকাশ হতেই উচ্ছ্বাসে ফেটে পড়ে সিপিএম-কংগ্রেস শিবির। অন্যদিকে, ভোটে হেরে রাজনৈতিক সন্ত্রাসের অভিযোগে বিদ্ধ হয়ে অস্বস্তিতে তৃণমূল।

# পাক গোলায় আহতদের দেখতে রাজৌরির গভর্নমেন্ট মেডিকেল কলেজে তৃণমূলের প্রতিনিধি দল

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

কাশ্মীরের সীমান্তে পাক সেনার আক্রমণে ক্ষতিগ্রস্ত সাধারণ মানুষ। ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলায় বহু মানুষের ঘরবাড়ি ভেঙে পড়েছে। কাছের মানুষকে হারিয়েছে একাধিক পরিবার। কাশ্মীরের পুঞ্চ ও রাজৌরি এলাকায় ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের সঙ্গে দেখা করল তৃণমূলের প্রতিনিধি দল। আন্তর্জাতিক দুনিয়ায় পাকিস্তানের 'মুখোশ' খুলতে বিভিন্ন দেশে ঘুরছে সংসদীয় দল। আর সীমান্তের মানুষেরা কেমন আছেন তা জানতে কাশ্মীরে তৃণমূলের প্রতিনিধি দল।




তৃণমূল কংগ্রেস সবার আগে এসেছে বলে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানিয়েছেন এই রাজ্যের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা। তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি দল গতকাল আসে রাজৌরিতে। আজ শনিবারও সেখানে পরিদর্শন করেন তাঁরা। এখানে পাকিস্তানের গোলাগুলির জেরে নিহত সরকারি অফিসার ডাঃ রাজকুমার থাপার বাড়িতে গিয়ে নীরবতা পালনের পাশাপাশি পরিবারকে সমবেদনা জানান।

আহতদের দেখতে তাঁরা রাজৌরির গভর্নমেন্ট মেডিকেল কলেজে যান। সেখানে চিকিৎসকদের সঙ্গে আহতের নিয়ে কথা বলেছেন। দেখা করেন আহতদের সঙ্গে। ভয়াবহ সেই দৃশ্য শুনে পাকিস্তানের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়ে ডেরেক ও'ব্রায়েন বলেন, 'নিরীহ মানুষের উপর পাকিস্তানের এমন হামলা মোটেই মেনে নেওয়া যায় না। আমরা দলনেত্রীকে এই নিয়ে রিপোর্ট দেব।'

# নির্বাচনের আগে নেতাদের সংযত থাকতে বললেন মোদী



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

বিহার নির্বাচনকে পাখির চোখ করে রোববার এনডিএ মুখ্যমন্ত্রীদের সঙ্গে বৈঠকে বসেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেই বৈঠক থেকেই নেতা-মন্ত্রীদের আলটপকা বা বাড়তি মন্তব্য থেকে সংযত থাকার পরামর্শ দিয়েছেন, এমনটাই সূত্রের খবর।

জানা গিয়েছে প্রধানমন্ত্রী দলীয় নেতাদের অপ্রয়োজনীয় বক্তব্যের বিষয়ে উদ্বেগও প্রকাশ করেছেন আজকের বৈঠকে। তিনি নাকি বলেছেন, ভোটের আগে অন্তত বাড়তি কথা বলা থেকে বিরত থেকে সুশাসনে নজর দেওয়া হয়।

পর্যবেক্ষকদের অনেকেই মনে করছেন মধ্যপ্রদেশ এবং হরিয়ানার বিজেপি নেতাদের বিতর্কিত মন্তব্য দলের ভাবমূর্তিতে আঘাত হেনেছে। তার পরিপ্রেক্ষিতেই প্রধানমন্ত্রী এহেন পরামর্শ দিয়ে থাকতে পারেন।

এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডা-সহ বিজেপির একাধিক শীর্ষ নেতৃত্ব। হাজির ছিলেন এনডিএ শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রীরাও।

এরপর ৬ পাতায়

## সম্পাদকীয়

### প্রসূতির কিডনি পাচার! বর্ধমানে সিবিআই হানা, জালে চিকিৎসক


প্রসবের জন্য কলকাতার এক বেসরকারি হাসপাতালে ভর্তি হন এক প্রসূতি। সিজারিয়ান পদ্ধতিতে সন্তান প্রসবের পর দেখা যায়, ওই মহিলার একটি কিডনি নেই। আচমকা এই ঘটনায় হাসপাতালের বিরুদ্ধেই অভিযোগের আঙুল তুলেছিলেন প্রসূতির আত্মীয়রা। এনিয়ে অভিযোগ দায়ের হলে কিডনি পাচারের আশঙ্কা করে তদন্তে নামে সিবিআই।সেই সূত্রেই কলকাতার বেসরকারি হাসপাতালে প্রসূতির একটি কিডনি না থাকার অভিযোগ পেয়ে সিবিআই তদন্তে নেমেছিল। জানা যায়, স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাক্তার তপনকান্তি জানা ওই অপারেশন করেছিলেন। সঙ্গে সঙ্গে তাঁর কলকাতার বাড়িতে হানা দেন কেন্দ্রীয় তদন্তকারীরা। বাড়ি থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। অন্যদিকে, বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালের বিপরীতে ওই চিকিৎসকের বাড়ি। সেখানে শনিবার রাত ১১টা নাগাদ অভিযান চালায় সিবিআই। সকাল সাড়ে ৭ টা পর্যন্ত তথ্যতালাশ চলে। সূত্রের খবর, উদ্ধার হয়েছে প্রচুর নথিপত্র। সেসব খতিয়ে দেখা হচ্ছে। তদন্তকারীদের অনুমান, অশোকনগরের কিডনি র‍্যাকেটের সঙ্গে যোগ রয়েছে এই চিকিৎসকের। তাঁকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করে সবিস্তারে সব জানতে চাইছে সিবিআই। এদিন ওই চিকিৎসককে ব্যাঙ্কশাল আদালতে পেশ করা হবে বলে খবর।যে চিকিৎসক প্রসূতির অপারেশন করেছিলেন, সেই চিকিৎসকের কলকাতা ও বর্ধমানের বাড়িতে শনিবার হানা দিয়ে রাতভর তল্লাশি চালায় সিবিআই। কলকাতা থেকে গ্রেপ্তার করা হয় ওই চিকিৎসককে। অন্যদিকে, বর্ধমানের বাড়ি থেকেও প্রচুর নথি, নগদ টাকা উদ্ধার হয়েছে বলে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সূত্রে খবর।

সম্প্রতি বড়সড় আন্তর্জাতিক কিডনি পাচার চক্রের পান্ডাদের গ্রেপ্তার করা হয়েছে উত্তর ২৪ পরগনার অশোকনগর থেকে। একেকটি কিডনি বিক্রি করে সাধারণ মানুষের হাতে প্রচুর নগদ টাকা তুলে দেওয়ার 'টোপ' দিয়ে কয়েক বছর ধরে টানা এই বেআইনি কাজের অভিযোগে পুলিশের জালে এসেছে বেশ কয়েকজন। তাদের গ্রেপ্তার করে জানা গিয়েছে, শুধু জেলা বা রাজ্যই নয়, এই পাচারচক্র আন্তর্জাতিক স্তরেও যুক্ত। আর এহেন বিরাট পাচারচক্রের মূল সূত্র খুঁজতে সিবিআই তদন্ত চালাচ্ছে।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



**মৃত্যুঞ্জয় সরদার**
**(আটত্রিশতম পর্ব)**





দ্বাদশ স্তোত্র ১২ বার উচ্চারণ করলে ঋণমুক্তি ঘটে।একটি বাঁশের বাঁশিকে সিল্কের কাপড়ে মুড়ে ঠাকুরের সিংহাসনে রাখলে মা লক্ষ্মী প্রসন্ন হন কারণ বাঁশি হল বিষ্ণুর অবতার শ্রীকৃষ্ণের প্রিয়। তাই মা লক্ষ্মীরও অতি প্রিয়।শুধুমাত্র পুজোর দিনে নয়, প্রতিদিনই যদি দেবীর পায়ের চিহ্ন আঁকা হয় তবে ভাল। প্রতিদিন না পারলে বৃহস্পতিবার অথবা শুক্রবার এবং মা লক্ষ্মীর পুজোর তিথি থাকলে তো অবশ্যই।যিনি প্রতি শুক্রবার পরমান্ন বা মিষ্ট অন্ন দিয়ে গোসেবা করেন তাঁর প্রতি বিশেষ প্রসন্ন হন দেবী।প্রতি শুক্রবার পদ্মমূল

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

## যে কারণে মোদির বৈঠক বয়কট করলেন মমতা

কোথায় বলবেন? অপমানিত হতে? বাংলার বঞ্চনার কথা মুখ্যমন্ত্রী তুলে ধরেছেন। সেখানে গায়ের জোরে মাইক বন্ধ করে কেন্দ্র কি বোঝাতে চাইছে? এর থেকে খারাপ ঘটনা এর আগে হয়নি। ভবিষ্যতে হবে কি না, জানি না।

এদিকে, মমতা ব্যানার্জীর এই সিদ্ধান্তকে 'রাজনৈতিক অভিমান' হিসাবে বর্ণনা করেছেন বিজেপির দলনেতা শুভেন্দু অধিকারী।

তিনি বলেন, নীতি আয়োগের বৈঠক রাজ্যের জন্য গুরুত্বপূর্ণ।

মমতা ব্যানার্জীর এই বয়কটের ফলে পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হবে।

তিনি নিজের রাজনৈতিক স্বার্থ দেখছেন। রাজ্যের উন্নয়নের কথা ভাবছেন না।

জানা গেছে, ২০৪৭ সালের মধ্যে উন্নত দেশ হাওয়ার লক্ষ্য নিয়েছে ভারত। এই লক্ষ্যে কোন পথে এগোনো যায়, তা নিয়ে প্রধানমন্ত্রী এদিন সব রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে নীতি আয়োগের গভর্নিং কাউন্সিলের বৈঠকে আলোচনা করেন।

এই বৈঠকে মুখ্যমন্ত্রীদের অপারেশন সিঁদুর নিয়েও বিস্তারিত বলতে পারেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

এছাড়া, চলতি অর্থবছর এবং আগামী ২০২৬ সালের গৃহীত বাজেটে বিভিন্ন পদক্ষেপ ও ভারতের অর্থনীতির সামনে যে চ্যালেঞ্জগুলো রয়েছে, সেগুলো ছিল এই বৈঠকে আলোচনার মূল বিষয়।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

সেই সময় কামাখ্যাকে অব্রাহ্মণ কিরাত জাতীয় উপাস্য দেবী মনে করা হত। নবম শতাব্দীতে ম্লেচ্ছ রাজবংশের বানমলবর্মদেবের তেজপুর লিপিতে প্রথম কামাখ্যার শিলালিপি উল্লেখ পাওয়া যায়।

**ক্রমশঃ**

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ডিসেম্বরের মধ্যে নির্বাচন হতে হবে : তারেক রহমান

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



আগামী ডিসেম্বরের মধ্যেই জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হতে হবে বলে জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

রোববার (২৫ মে) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে ন্যাশনাল পিপলস পার্টির (এনপিপি) ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভায় এক ভিডিও বার্তায় এ কথা বলেন তিনি।

তারেক রহমান বলেন, অন্তর্বর্তী সরকারের প্রধানের সঙ্গে দেখা করে আবারও রাজনৈতিক দলগুলো জাতীয় নির্বাচনের তারিখ, সুস্পষ্ট দিনখন ঘোষণার দাবি জানিয়েছে। বিএনপির দাবি আগামী ডিসেম্বরের ভেতরে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হতে হবে। জাতীয় নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে জনপ্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনীর সংস্কারের জন্য অন্তর্বর্তী সরকারের প্রতি বিএনপিসহ যারা একসঙ্গে রাজপথে আন্দোলন করেছি, আমরা আমাদের সর্বাত্মক সমর্থন অব্যাহত রেখেছি।

তিনি বলেন, দেশে-বিদেশে সম্মানিত দক্ষ এবং যোগ্য ব্যক্তিত্ব অন্তর্বর্তী সরকার প্রধানের নেতৃত্বে অবিলম্বে দেশের ইতিহাসে সবচেয়ে অবাধ, নিরপেক্ষ একটি জাতীয় নির্বাচন দেখতে পাবে। আজকে এনপিপির এই প্রতিষ্ঠাবার্ষিকীতে এই আশাবাদ ব্যক্ত করছি।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান বলেন, পতিত পলাতক স্বৈরাচারের আমলে রাষ্ট্র, রাজনীতি ও গণতান্ত্রিক দলগুলোকে নানারকম দমনপীড়ন এবং ষড়যন্ত্র মোকাবিলা করতে হয়েছে। এনসিপিও সেই তালিকা থেকে বাদ যায়নি। আপনারা আজ ফ্যাসিবাদমুক্ত পরিবেশে দলের প্রতিষ্ঠাবার্ষিকী পালন করছেন। পতিত স্বৈরাচার আর কোনোভাবেই যেন ফিরতে না পারে, সেটাই হোক প্রতিটি গণতান্ত্রিক রাজনৈতিক দলের লক্ষ্য।

তিনি বলেন, ফ্যাসিবাদের পথ রুদ্ধ করে রাষ্ট্র, সরকার এবং রাজনৈতিক গুণগত পরিবর্তনের জন্য দরকার প্রয়োজনীয় সংস্কার। সময়ের প্রয়োজনে সাংবিধানিক অথবা আইনগত সংস্কার এবং প্রায়োগিক সংস্কার অর্থাৎ উভয় প্রকারের সংস্কারের বিকল্প নেই। অল্প কিংবা বেশি সংস্কার বলেও কিন্তু কিছু নেই। রাষ্ট্র এবং রাজনীতির জন্য সংস্কার একটি চলমান প্রক্রিয়া। আমার কাছে মনে হয় পুঁথিগত সংস্কারের চেয়ে প্রায়োগিক সংস্কার বেশি প্রয়োজন।

তিনি আরও বলেন, ফ্যাসিবাদ রুখে দিতে সব চেয়ে বেশি প্রয়োজন জনগণের রাজনৈতিক ক্ষমতায়ন। জনগণের সরাসরি ভোটে নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে সংসদ, সরকার গঠিত হলে অবশ্যই সেই সরকার জনগণের কাছে জবাবদিহি করতে বাধ্য। এর মাধ্যমেই রাষ্ট্রের নাগরিকদের ক্ষমতায়ন নিশ্চিত হয়। জনগণের ক্ষমতায়ন নিশ্চিত থাকলে সরকারের পক্ষে ফ্যাসিবাদী চরিত্র ধারণ করা সহজ হয় না।

তারেক রহমান বলেন, সরাসরি ভোটে নির্বাচিত সরকার, অন্তর্বর্তী সরকার কিংবা তত্ত্বাবধায়ক সরকারের চরিত্র যাইহোক সরকারকে জবাবদিহিতে বাধ্য করা না গেলে ক্ষমতাসীন সরকার হয়তো নিজেদের অজান্তেই স্বৈরাচারী হয়ে ওঠে। এই কারণেই হুমকি-ধমকি উপেক্ষা করেই অবশ্যই নাগরিকদেরকে সরকারের গঠনমূলক সমালোচনা জারি রাখতে হবে।

তিনি আরও বলেন, প্রতিটি নাগরিককে অধিকারের দাবিতে সোচ্চার থাকতে হবে। দেশের জনগণ কিন্তু সরকারের করুণার পাত্র নয়। সরকার অবশ্যই জনগণের কথা শুনতে, জনগণের ন্যায্য দাবি মানতে বাধ্য। এখানে সরকারের মান-অভিমান বা রাগ-বিরাগের কোনো সুযোগ নেই বলেও জানান তিনি।




## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# বাণিজ্যযুদ্ধ ফের তীব্র হওয়ার শঙ্কা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) ওপর ৫০ শতাংশ শুল্ক আরোপের হুমকি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এ ছাড়া আমদানি করা সব আইফোনে ২৫ শতাংশ শুল্ক আরোপের হুমকিও দেন তিনি। আগামী ১ জুন থেকে প্রস্তাবিত ওই শুল্ক কার্যকর হবে।

নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে শুক্রবার এক পোস্টে এসব কথা জানান ট্রাম্প। তার ভাষ্য, দিন দিন ইইউর সঙ্গে সমঝোতা কঠিন হয়ে উঠছে। তাদের সঙ্গে চলমান আলোচনা ফলপ্রসূ হচ্ছে না। এ প্রেক্ষাপটে চলমান বাণিজ্যযুদ্ধ আরও তীব্র হওয়ার শঙ্কা দেখা দিয়েছে।

ট্রাম্পের হুমকির পর নড়েচড়ে বসেছেন ইইউর নেতারা। ইইউ বাণিজ্যপ্রধান মারোস সেফকোভিচ বলেন, হুমকি নয়, সম্মানের ভিত্তিতে তাদের ২৭ দেশের জোট যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তিতে পৌঁছাতে বদ্ধপরিকর। মার্কিন বাণিজ্য দূত জেমিসন গ্রিয়ার ও বাণিজ্যমন্ত্রী হাওয়ার্ড লুটনিকের সঙ্গে ফোনালাপও করেন সেফকোভিচ।

যুক্তরাষ্ট্রের এ শুল্ক হুমকি এমন একসময় এলো, যখন উভয় পক্ষের মধ্যে শুল্ক নিয়ে আলোচনা এক ধরনের অচলাবস্থায় রয়েছে। যুক্তরাষ্ট্র চাচ্ছে একতরফা মার্কিন ব্যবসার জন্য ইইউ তাদের বাজার খুলে দিক। ট্রুথ সোশ্যালে ট্রাম্প লেখেন, ইইউর বাণিজ্য বাধা, আর্থিক কারসাজি ও মার্কিন কোম্পানিগুলোর বিরুদ্ধে অযৌক্তিক মামলার কারণে যুক্তরাষ্ট্রকে প্রতিবছর ২৫ হাজার কোটি ডলার ক্ষতি গুনতে হচ্ছে। এটা অগ্রহণযোগ্য।



গত এপ্রিলে ইউরোপীয় পণ্যের ওপর ২০ শতাংশ শুল্ক আরোপ করে দেশটি। পরে আরোপিত শুল্ক অর্ধেকে নামিয়ে এনে আগামী ৮ জুলাই পর্যন্ত ৯০ দিনের আলোচনার সময়সীমা নির্ধারণ করা হয়। গত বছর যুক্তরাষ্ট্রে ইইউর মোট রপ্তানির পরিমাণ ছিল প্রায় ৫০০ বিলিয়ন ইউরো (৫৬৬ বিলিয়ন ডলার)।

ডাচ প্রধানমন্ত্রী ডিক স্কোফ বলেছেন, ইইউ নিজেদের নির্ধারিত কৌশলেই অটল থাকবে। ফ্রান্সের বাণিজ্যমন্ত্রী লরঁ সাঁ-মারতাঁ বলেন, 'আমরা উত্তেজনা প্রশমনের পক্ষে। তবে প্রতিক্রিয়ার জন্যও প্রস্তুত আছি।'

আমদানি করা সব আইফোনে ট্রাম্পের ২৫ শতাংশ শুল্ক আরোপের হুমকির ব্যাপারে বিশ্লেষকরা বলছেন, যুক্তরাষ্ট্রে আইফোনের উৎপাদন ফিরিয়ে আনার কৌশল হিসেবে অ্যাপলের ওপর ট্রাম্পের এই চাপ।

ইইউ ও অ্যাপলের পণ্যের ওপর নতুন শুল্ক আরোপের হুমকি দেওয়ার পর শুক্রবার বিশ্বজুড়ে শেয়ারবাজারে ব্যাপক দর পতন হয়েছে। ওয়াল স্ট্রিটের তিনটি প্রধান সূচক পুরো দিন ধরে পড়তির মধ্যেই ছিল। সবচেয়ে বড় ধাক্কা খেয়েছে প্রযুক্তিভিত্তিক নাসডাক সূচক। এখানে অ্যাপলের শেয়ার একাই ৩ শতাংশ কমে গেছে। প্যারিস ও ফ্রাঙ্কফুর্টের বাজার প্রায় ১.৫ শতাংশ করে কমেছে। লন্ডনের এফটিএসই ১০০ সূচকও প্রাথমিক বৃদ্ধি শেষে দিনের শেষে নেতিবাচক হয়ে পড়ে। দিনের শুরুতে জার্মানির ডিএএক্স সূচক কিছুটা বাড়লেও পরে তা পড়ে যায়।

**শুল্কের বদলা নিতে ভারতের পদক্ষেপে ক্ষুব্ধ যুক্তরাষ্ট্র:**

দ্বিপক্ষীয় বাণিজ্যচুক্তি নিয়ে আলোচনার মধ্যেই ভারতের বিরুদ্ধে বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) কাছে অভিযোগ করেছে যুক্তরাষ্ট্র। ভারত থেকে বছরে প্রায় ৩০০ কোটি ডলারের ইস্পাত আমদানি করে দেশটি। গত ফেব্রুয়ারিতে অ্যালুমিনিয়াম ও ইস্পাতজাত পণ্যের ওপর বাড়তি ২৫ শতাংশ আমদানি শুল্ক আদায় করার কথা জানায় ট্রাম্প প্রশাসন। এ বিষয়ে ভারত আলোচনায় বসতে চাইলেও সাড়া দেয়নি ওয়াশিংটন। এর পরই যুক্তরাষ্ট্র থেকে আমদানি করা ২৯টি পণ্যের ওপর শুল্ক বসানোর জন্য ডব্লিউটিওর কাছে বার্তা দেয় মোদি সরকার।

(৩ পাতার পর)

# নির্বাচনের আগে নেতাদের সংযত থাকতে বললেন মোদী

মনে করা হচ্ছে এনডিএ-র ঐক্যবদ্ধ ছবি তুলে ধরা এবং কেন্দ্রীয় সরকারের কাজের সঙ্গে যাতে এনডিএ শাসিত রাজ্যের কাজের সমন্বয় ও সাযুজ্য বজায় থাকে, তা নিশ্চিত করতেই এই বৈঠক ডাকা হয়েছিল।

আজকের বৈঠকে উপস্থিত ছিলেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। কিন্তু মাঝপথেই তিনি বৈঠক ছেড়ে চলে যান। এরপরই শোরগোল পড়ে যায়। কেন হঠাৎ নীতীশ বৈঠক ছাড়েন তা স্পষ্ট নয়। তবে শোনা গিয়েছে, অসুস্থবোধ করছিলেন তিনি। বস্তুত, শনিবারের নীতি আয়োগের বৈঠকেও ছিলেন না নীতীশ। যা নিয়ে আলোচনা শুরু হয়েছিল।

'২৪ সালের লোকসভা নির্বাচনের ঠিক আগেই কংগ্রেস-আরজেডি জোট ছেড়ে নীতীশ এনডিএ-তে ফিরেছিলেন, কারণ হিসেবে উঠে এসেছিল 'গদি রক্ষার' বিষয়টি। কিন্তু, এবার বিহার নির্বাচনে বিরোধীরা জাতি ভিত্তিক জনগণনাকে বড় ইস্যু করতে চলেছে। এই প্রেক্ষিতে নীতীশ কুমারের অবস্থান কী, তা স্পষ্ট নয়।

# সিনেমার খবর

## কীভাবে এতটা ফিট থাকেন আনুশকা? জানুন সেই রহস্য

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বলিউডের জনপ্রিয় অভিনেত্রী আনুশকা শর্মা। কয়েক বছর ধরে সিনেমা থেকে দূরে থাকলেও তাকে নিয়ে আলোচনা থেমে নেই। অভিনেত্রীর ব্যক্তিগত জীবন নিয়ে ভক্তদের আগ্রহের শেষ নেই। এখন দুই সন্তান ও স্বামী-সংসার নিয়েই ব্যস্ততা আনুশকার। ৩৭ বছর বয়সেও নিজেকে ফিট রেখেছেন তিনি। নতুন সিনেমায় না দেখা গেলেও পাপারাজ্জিদের ক্যামেরায় প্রায়ই নতুন নতুন লুকে ধরা দেন এই তারকা।

আনুশকার কাছে ফিট থাকার রহস্য আগেই রাতের খাবার খেয়ে নেওয়া ও ঘুমিয়ে পড়া- এটিই তার শরীরের উপর ইতিবাচক প্রভাব ফেলে। এই অভ্যাসকে জীবনের অংশ করে নিয়েছেন আনুশকা। প্রায় এক বছর আগে স্পোর্টস ব্র্যান্ড পুমা আয়োজিত এক শো-তে স্বামী বিরাট কোহলির সঙ্গে অংশ নিয়ে আনুশকা জানিয়েছিলেন, কীভাবে তাদের মেয়ে ভামিকার কারণে তারা এখন আগে খাওয়া ও ঘুমের অভ্যাসে চলে এসেছেন এবং এর ফলে কী কী স্বাস্থ্য উপকার পাচ্ছেন তিনি।

সেই অনুষ্ঠানে আনুশকাকে প্রশ্ন করা হয়েছিল, এমন কী অভ্যাস আছে যা অন্যদের শেখা উচিত? জবাবে তিনি মজা করে বলেন, তাড়াতাড়ি ঘুমাতে যাওয়া, কারণ আমার কোনো সোশ্যাল লাইফ নেই! এরপর গুরুত্ব দিয়ে জানান, যেটা সত্যিই মানুষকে অনুপ্রাণিত করতে পারে, তা হলো- তাড়াতাড়ি রাতের খাবার খাওয়া ও ঘুমিয়ে পড়া।

আনুশকা বলেন, আমি তাড়াতাড়ি ডিনার করি, আর আমি মনে করি এটা আমার শরীরের পক্ষে দারুণ কাজ করে। সন্ধ্যা সাড়ে ৫টা থেকে ৬টার মধ্যেই আমার ডিনার শেষ হয়ে যায়। আমি মেয়ের সঙ্গে খাই। ও দুপুরে ১১টা বা সাড়ে ১১টার দিকে লাঞ্চ করে, তখন আমিও লাঞ্চ করি। এতে আমি ভালো বিশ্রাম পাই, ভালো ঘুম হয়। আমার ঘুম সংক্রান্ত সব সমস্যা চলে গেছে। আমি সকালে আরও ফ্রেশ বোধ করি, আমার শক্তি বেশি থাকে, মাথা পরিষ্কার কাজ করে। আমি মনে করি এই পরিবর্তনের পুরো কৃতিত্বই যায় তাড়াতাড়ি খাওয়ার অভ্যাসের প্রতি, কারণ এটিই একমাত্র পরিবর্তন যা আমি করেছি।"

আরেকটি সাক্ষাৎকারে আনুশকা আরও জানান, তাড়াতাড়ি রাতের খাবার খাওয়ার ফলে তার ব্রেন ফগ বা মস্তিষ্কে ঝিমঝিম ভাব অনেকটাই কমে গেছে। এই অভ্যাস মূলত সময় বাঁচানোর সুবিধা থেকে শুরু হলেও পরে তিনি ও বিরাট সিদ্ধান্ত নেন একসঙ্গে খেয়ে রান্নাঘর বন্ধ করে দেওয়ার। "এখন পুরো পরিবার এই নিয়ম মেনে চলে," বলেন তিনি।

ভারতের ন্যাশনাল ইনস্টিটিউটস অব হেলথ এর গবেষণা অনুযায়ী, দিন শেষে দেরিতে খাওয়ার ফলে বিপাকজনিত (মেটাবলিক) সমস্যা বেড়ে যাওয়ার আশঙ্কা থাকে। কিন্তু সকাল ও সন্ধ্যায় নির্দিষ্ট সময়ে খাবার গ্রহণের অভ্যাস- যেমন তাড়াতাড়ি ব্রেকফাস্ট ও ডিনার রক্তে গ্লুকোজের মাত্রা নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে এবং শরীরের শক্তি উৎপাদন ব্যবস্থাও উন্নত হয়।

## ট্রাম্পকে 'আলফা মেল' বলে কটূক্তি করে কটাক্ষের মুখে কঙ্গনা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



আইফোনের নির্মাতা অ্যাপল ভারতে তাদের পণ্য তৈরি করুক এমনটি চান না মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার এই মন্তব্যের পরেই নেটপাড়ায় সমালোচনার ঝড় ওঠে। এ নিয়ে প্রতিক্রিয়া জানান বিজেপি সাংসদ বলিউড অভিনেত্রী কঙ্গনা রানাওয়াতও। মার্কিন প্রেসিডেন্টকে খোঁচা দিয়ে একটি পোস্ট করেন তিনি। তবে কিছুক্ষণের মধ্যেই বিজেপির পক্ষ থেকে জেপি নড্ডা সেই পোস্ট মুছে দেওয়ার নির্দেশ দেন তাকে।


পোস্টটি মোছার পরে নিজের মন্তব্যের জন্য দুঃখপ্রকাশ করেন কঙ্গনা। বিতর্কিত মন্তব্য মুছে দিয়ে কঙ্গনা লেখেন, 'শ্রদ্ধেয় জেপি নড্ডাজি আমাকে ফোন করে ট্রাম্পকে নিয়ে করা আমার পোস্টটি মুছে দিতে বলেছেন। আমার ব্যক্তিগত মতামত এই ভাবে তুলে ধরার জন্য আমি অনুতপ্ত। নির্দেশ অনুযায়ী আমি সেই পোস্ট তৎক্ষণাৎ মুছে দিয়েছি।'

কিন্তু ট্রাম্পকে নিয়ে কী লিখেছিলেন কঙ্গনা? ভারতীয় গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে- কঙ্গনা লিখেছিলেন, 'হঠাৎ ভালবাসা কমে যাওয়ার (ভারতের প্রতি আমেরিকার) নেপথ্যে কী কী কারণ থাকতে পারে?" তার পরে নিজেই এক এক করে কারণগুলো তুলে ধরেন।'

তিনি আরও লেখেন, 'প্রথমত, তিনি আমেরিকার প্রেসিডেন্ট হতে পারেন। কিন্তু সারা বিশ্বের সবচেয়ে প্রিয় নেতা হলেন ভারতের প্রধানমন্ত্রী। দ্বিতীয়ত, ট্রাম্প দ্বিতীয় দফার প্রেসিডেন্ট। আর মোদি তিনবার প্রধানমন্ত্রী হয়েছেন। তৃতীয়ত, নিঃসন্দেহে ট্রাম্প একজন আলফা মেল। কিন্তু আমাদের মোদি সব আলফা মেলের বাবা। আপনাদের কী মনে হয়?'

ট্রাম্পের মন্তব্য কূটনৈতিক নিরাপত্তাহীনতা থেকে না কি ব্যক্তিগত ঈর্ষা থেকে? সেই প্রশ্নও তুলেন কঙ্গনা। এই পোস্ট কঙ্গনা মুছে দেওয়ার আগেই সমাজমাধ্যমে ছড়িয়ে পড়েছিল। তাই পোস্ট মুছে দেওয়ার পরেও কটাক্ষের শিকার হতে হচ্ছে তাকে।

## ১৯ বছর পর আবারও একসঙ্গে শাহরুখ-রানি!



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

'চলতে চলতে', 'কুচ কুচ হোতা হে' সিনেমাতে শাহরুখ খানের বিপরীতে দেখা গিয়েছিল রানি মুখার্জিকে। এই জুটির প্রায় সবগুলো সিনেমাই হিট তকমা পেয়েছে। তাদেরকে সর্বশেষ দেখা গেছে 'কাভি আলবিদা না কেহ না' ছবিতে। এরপর আর তাদেরকে একসঙ্গে পাওয়া যায়নি। ১৯ বছর পর আবারও একসঙ্গে বড় পর্দায় আসছেন এই জুটি।

রেড চিলিস এবং মারফ্লিক্স প্রযোজিত 'কিং' সিনেমায় প্রধান চরিত্রে অভিনয় করবেন শাহরুখ খান এবং দীপিকা পাড়ুকোন। ছবিতে এবার নতুন চমক হিসেবে থাকছেন রানি মুখার্জি। যদিও এই সিনেমায় ক্যামিও চরিত্রে অভিনয় করবেন তিনি।

তবে চরিত্রটি ভীষণ গুরুত্বপূর্ণ। শোনা গেছে, 'কিং' সিনেমায় সুহানা খানের মায়ের চরিত্রে অভিনয় করবেন রানি।

সূত্র অনুযায়ী আরও জানা গেছে, এই সিনেমার জন্য রানিকে মাত্র ৫ দিন শুটিং করতে হবে, তবে এটি হতে চলেছে একটি দীর্ঘ ক্যামিও চরিত্র। সিনেমার স্ক্রিপ্ট শোনা মাত্রই রাজি হয়ে গিয়েছিলেন রানি, বন্ধুর সঙ্গে বহুদিন পর স্ক্রিন শেয়ার করার এই সুবর্ণ সুযোগ একেবারেই হাতছাড়া করতে চাননি অভিনেত্রী।

আগামী ২০ মে থেকে সিনেমাটির শুটিং শুরু হবে। কিছু অংশ মুম্বাইয়ে এবং কিছুটা ইউরোপে দৃশ্য ধারণ হবে। ২০২৬ সালের অক্টোবর থেকে ডিসেম্বর মাসের মধ্যে সিনেমাটি মুক্তি পাওয়ার কথা।

শাহরুখের মেয়ে সুহানাকে ঘিরেই এগোবে 'কিং' সিনেমার গল্প। বড় পর্দায় এটি তার প্রথম সিনেমা।

এই সিনেমায় আরও অভিনয় করতে দেখা যাবে অভিষেক বচ্চন, অনিল কাপুর, জ্যাকি শ্রফ, আরশাদ ওয়ার্সি এবং অভয় ভার্মাকে।

# টানা তৃতীয়বার আয়ের শীর্ষে রোনালদো, পিছিয়েছেন মেসি

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**




টানা তৃতীয়বার বিশ্বের সবচেয়ে বেশি আয় করা ক্রীড়াবিদদের তালিকায় শীর্ষস্থান ধরে রেখেছেন পর্তুগিজ তারকা ক্রিশ্চিয়ানো রোনালদো। তবে অবনতি হয়েছে আর্জেন্টাইন তারকা লিওনেল মেসির। দুই ধাপ পিছিয়েছেন বিশ্বকাপজয়ী এ তারকা।

মার্কিন যুক্তরাষ্ট্রের বিশ্বখ্যাত অর্থ ও বাণিজ্যবিষয়ক সাময়িকী ফোর্বস গত ১২ মাসের আয়ের ভিত্তিতে ১৬ মে বিশ্বের শীর্ষ দশ ক্রীড়াবিদের তালিকা প্রকাশ করেছে।

সৌদি প্রো লিগের ক্লাব আল নাসরে যোগ দেওয়ার পর রোনালদোর আনুমানিক মোট আয় দাঁড়িয়েছে ২৭ কোটি ৫০ লাখ ডলার। যার পরিমাণ প্রায় ৩৩৩৯ কোটি ৮২ লাখ টাকা।

৪০ বছর বয়সী ফরোয়ার্ড রোনালদোর আয় গত বছরের তুলনায় বেড়েছে এক কোটি ৫০ লাখ ডলার। এর পেছনে বড় অবদান মাঠের বাইরের বিভিন্ন বাণিজ্যিক পৃষ্ঠপোষকতা ও চুক্তির, যেখানে ভূমিকা আছে সামাজিক যোগাযোগ মাধ্যমে রোনালদোর বিপুল সংখ্যক অনুসারীর। চলতি মে মাসের হিসাব অনুযায়ী, তার মোট অনুসারীর সংখ্যা ৯৩ কোটি ৯০ লাখ।

বাস্কেটবল তারকা স্টিফেন কারি দ্বিতীয় স্থানে উঠে এসেছেন। গোল্ডেন স্টেট ওয়ারিয়র্সের পয়েন্ট গার্ডের আয় ১৫ কোটি ৬০ লাখ ডলার। তিনে আছেন বক্সার টাইসন ফিউরি ১৪ কোটি ৬০ লাখ ডলার আয় নিয়ে। আমেরিকান ফুটবল তারকা ডাক প্রেসকট চতুর্থ স্থানে জায়গা করে নিয়েছেন। ডালাস কাউবয়েজের কোয়ার্টারব্যাকের আয় ১৩ কোটি ৭০ লাখ ডলার।

মেজর সকার লিগের ক্লাব ইন্টার মায়ামির মেসির আয় গত বছরের সমানই আছে। তার আয় ১৩ কোটি ৫০ লাখ ডলার। বাস্কেটবল তারকা লেব্রন জেমস ১৩ কোটি ৩৮ লাখ ডলার আয় নিয়ে ষষ্ঠ স্থানে রয়েছেন।

সাতে উঠে এসেছেন বেসবল তারকা হুয়ান সোতো। নিউইয়র্ক মেটসের আউটফিল্ডারের আয় ১১ কোটি ৪০ লাখ ইউরো। সেরা দশে থাকা তৃতীয় ফুটবলার ফ্রান্সের করিম বেনজেমা। প্রো লিগের ক্লাব আল ইত্তিহাদের স্ট্রাইকার আট নম্বরে আছেন ১০ কোটি ৪০ লাখ ডলার আয় নিয়ে।

বেসবল দল লস অ্যাঞ্জেলস ডজার্সের শোহেই ওহতানি নবম স্থান দখল করেছেন ১০ কোটি ২৫ লাখ ডলার আয় নিয়ে। দশে থাকা বাস্কেটবল তারকা কেভিন ডুরান্টের আয় ১০ কোটি ১৪ লাখ ডলার।

## ‘মেসি ম্যাজিকে’ বাঁচল মায়ামি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ইন্টার মায়ামির হয়ে মাঠে নামলেই যেন কিছু না কিছু করে দেখাতেই হয় লিওনেল মেসিকে। শনিবার ফিলাডেলফিয়া ইউনিয়নের বিপক্ষে ম্যাচে তার অসাধারণ ফ্রি-কিকেই বেঁচে গেল দল, নাটকীয় এক কামব্যাকে ৩-৩ গোলে ড্র করে মাঠ ছাড়ল ইন্টার মায়ামি।

৮৬তম মিনিটে বক্সের ঠিক বাইরে থেকে নেওয়া মেসির বাঁ পায়ের শটে চিড় ধরল ফিলাডেলফিয়ার রক্ষণে। বল পেরিয়ে গেল দেয়াল, ছুঁয়ে ফেলল জালের ঠিকানা। তখনো পিছিয়ে ছিল মায়ামি, কিন্তু এই গোলেই জেগে ওঠে দল, পরে সমতা এনে মাঠ ছাড়ে এক পয়েন্ট নিয়ে।

এটি ছিল চলতি মৌসুমে মেসির ষষ্ঠ গোল, আর সর্বশেষ পাঁচ ম্যাচে এটি তার তৃতীয়। ধীরে ধীরে ছন্দে ফিরছেন আর্জেন্টাইন জাদুকর।

তবে দলে মেসির এমন ক্রীড়ানৈপুণ্য থাকলেও সামগ্রিক পারফরম্যান্সে ধস নেমেছে মায়ামির। সব প্রতিযোগিতা মিলিয়ে গত আট ম্যাচের মধ্যে সাতটিতেই জয়শূন্য তারা। শুধুমাত্র শেষ চার ম্যাচেই গোল খেয়েছে ১৩টি, আর এই আট ম্যাচে মোট ২৩ গোল হজম করেছে ক্লাবটি।

রক্ষণভাগের এমন বাজে পারফরম্যান্স বড় অস্বস্তির জায়গা হয়ে দাঁড়িয়েছে। টানা তৃতীয় ম্যাচে তিন গোল হজম করল তারা।

## ওয়েস্ট ইন্ডিজের নতুন টেস্ট অধিনায়ক রোস্টন চেজ

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**




গত মার্চে হঠাৎ করেই টেস্ট ও টি-টোয়েন্টি সংস্করণের দুই অধিনায়কের একজন পদত্যাগ এবং অপরজনকে সরিয়ে দেয় ওয়েস্ট ইন্ডিজ। বিশেষ করে টি-টোয়েন্টির নেতৃত্ব থেকে রভম্যান পাওয়েলকে সরিয়ে দেওয়া নিয়ে সমালোচনাও হয়েছিল। পরবর্তীতে তার জায়গায় ওয়ানডের পাশাপাশি টি-টোয়েন্টিতেও অধিনায়কত্ব দেওয়া হয় শাই হোপকে। আর টেস্টে ক্যারিবীয়দের নেতৃত্বভার দেওয়া হয়েছে ফরম্যাটটিতে ২ বছর না খেলা অলরাউন্ডার রোস্টন চেজকে।

এর আগে ওয়েস্ট ইন্ডিজের হয়ে একটি করে ওয়ানডে ও টি-টোয়েন্টিতে অধিনায়কত্ব করেছেন চেজ। কিন্তু মাঝে ১৩টি টেস্টের স্কোয়াডে না থাকা এই তারকাকেই লাল বলের ফরম্যাটের দায়িত্ব দেওয়া হলো। একইসঙ্গে টেস্টে তার সহকারী অধিনায়ক করা হয়েছে স্পিনার জোমেল ওয়ারিকানকে। মূলত আগামী ২৫ জুন থেকে ঘরের মাঠে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের নতুন চক্র শুরু করতে যাচ্ছে ক্যারিবীয়রা। সে লক্ষ্যেই তারা নেতৃত্বে বদল এনেছে।

রোস্টন চেজ ওয়েস্ট ইন্ডিজের হয়ে শেষবার টেস্ট খেলেছেন ২০২৩ সালের মার্চে। জোহানেসবার্গে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সেই ম্যাচের পর উইন্ডিজরা তাকে ছাড়াই আরও ১৩টি টেস্ট খেলেছে। তবে চেজের টেস্ট খেলার বেশ অভিজ্ঞতা আছে। এখন পর্যন্ত তিনি ৪৯টি টেস্টে ৫টি সেঞ্চুরি ও ১১টি হাফসেঞ্চুরিসহ ২২৬৫ রান করেছেন। একইসঙ্গে ৮৫টি উইকেটও নিয়েছেন এই স্পিন অলরাউন্ডার। অর্থাৎ, অধিনায়ক হিসেবে চেজ মাঠে নামবেন ক্যারিয়ারের ৫০তম টেস্ট ম্যাচে।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১

● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR